

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ২৪৮.২০১৮- ২২৬২

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৫
৩০ জুলাই ২০১৮

বিষয় : রীট পিটিশন নং- ৭০৭৬/২০১৮ [পিটিশনার জনাব মোঃ শামসুদ্দিন ভূঁইয়া, পিতা- মফিজুর রহমান ভূঁইয়া সেক্রেটারী, সেক্রেটারী, সেগুনবাগিচা কাঁচা বাজার ক্ষুদ্র ব্যবসায়ী সমিতি লিঃ সেগুনবাগিচা, রমনা, ঢাকা - বনাম - সরকার ও অন্যান্য] এর আরজীর আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের ৩১.৫.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, পিটিশনার এর সেগুনবাগিচা কাঁচা বাজার ক্ষুদ্র ব্যবসায়ী সমিতি লিঃ সেগুনবাগিচা, রমনা, ঢাকা এর নামে বরাদ্দ প্রাপ্ত ৯টি দোকানের চূড়ান্ত সালামীর টাকা গ্রহণ ও দখলস্বত্ব হস্তান্তর সংক্রান্ত ২৫.৪.২০১৮ তারিখের আবেদন নিষ্পত্তির দাবীতে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগী শুনানী অস্তে কূল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারন দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত আবেদনে বর্ণিত বিষয়টি স্বাধীনভাবে সিদ্ধান্ত গ্রহণের নির্দেশনা দিয়েছেন। তর্কিত আবেদনটি নিষ্পত্তির জন্য ২নং প্রতিপক্ষকে ১ (এক) মাসের সময় নির্ধারণ করে দিয়েছেন। বিজ্ঞ আদালতের রুল এবং রীটের আরজির আলোকে সরকার পক্ষে রিটে প্রতিদ্বন্দিতার লক্ষ্যে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে দফাওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে ২ (দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণে ব্যর্থ হলে দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

ফোনঃ+৮৮০(২) ৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/ মাস্টার কপি।